



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd



স্মারক নং বশিবো/পনি/জেএসসি/২০২১/২৬০

তারিখঃ ২০/০১/২০২১

২০২০ সালের জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের Online এ ফরম পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের জেএসসি পরীক্ষা গ্রহণ না করে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে নবম শ্রেণিতে উত্তীর্ণ করা হয়েছে। ইতোমধ্যে এসকল শিক্ষার্থীদের জেএসসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শিক্ষার্থীদের জেএসসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের লক্ষ্যে Online এ ফরম পূরণের নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

০১। Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.barisalboard.gov.bd) এ দেয়া আছে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ৩১/০১/২০২১ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eSIF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহকে বরিশাল বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে ডানপাশে panel link এর নিচে জেএসসি ২০২০ (eSIF panel) এ ক্লিক করে EIDN ও Password (জেএসসি ২০২০ রেজিস্ট্রেশনের ব্যবহৃত Password) দিয়ে Login করে Probable list এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে শিক্ষার্থী Select করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি Probable list এ টিক চিহ্নিত শিক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে।

(গ) Final Candidate list Print করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করে সংরক্ষণ করবেন।

(ঘ) Final submit বাটন এ ক্লিক করে অবশ্যই Final submit করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পূর্ণ হবে না।

০২। (ক) অনিয়মিত শিক্ষার্থীর ক্ষেত্রে Irregular button click করে পূর্বের নিবন্ধন নম্বর দিয়ে শিক্ষার্থী সংযুক্ত করতে হবে।

(খ) অনিয়মিত শিক্ষার্থীর ফাইনাল তালিকা প্রিন্ট করে স্কুল প্রধানের স্বাক্ষর যুক্ত করে সংরক্ষণ করতে হবে।

০৩। ১ নং ও ২নং এ বর্ণিত শিক্ষার্থীদের তালিকা Final Submit না হলে সনদ প্রদান করা হবে না।

০৪। ফরম পূরণের যোগ্যতা/শর্তসমূহঃ

(ক)। ২০২০ সালের রেজিস্ট্রেশনধারী সকল শিক্ষার্থী এবং ২০১৯ সালের রেজিস্ট্রেশনধারী সকল শিক্ষার্থী যারা পরীক্ষায় অংশ গ্রহণ করেনি/অকৃতকার্য/বহিষ্কার হয়েছে তারা ফরম পূরণ করতে পারবে।

(খ)। ২০১৮ সালের রেজিস্ট্রেশনধারী সকল শিক্ষার্থী যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ অথচ এক বিষয়ে অকৃতকার্য হয়েছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশনের মেয়াদ কেবল ০১ (এক) বৎসরের জন্য নবায়ন করে ২০২০ সালের জেএসসি পরীক্ষায় ফরম পূরণ করতে পারবে।

০৫। ফরম পূরণ করতে কোনো ফি প্রয়োজন হবে না এবং শিক্ষার্থীদের নিকট থেকে কোনো অর্থ গ্রহণ করা যাবে না।

০৬। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০২০ সালের জেএসসি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে



অরুণ কুমার গাঈন-১২০৬২

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

মুঠো : ০১৭১২১৭৪৬৬৯

প্রধান শিক্ষক/ অধ্যক্ষ

এ বোর্ডের অধীন সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৩। বরিশাল শিক্ষাবোর্ডের সকল কর্মকর্তা।

৪। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

৬। সিস্টেম এনালিস্ট (ভারঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

৭। চেয়ারম্যানের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

৮। সংরক্ষণ নথি।

জেএসসি বিজ্ঞপ্তির নথি